



STEPPING STONE
SCHOOL (HIGH)

Class- IV

Subject- 2nd Language (Bengali)

Time- 30 minutes

Topic- Letter writing

Date- 05/06/2020

Worksheet- 18

পত্র রচনা

(নিচে পত্র রচনা সম্পর্কে কিছু ধারণা দেওয়া হল। তোমরা বিষয়টি ভালো করে পড়ো এবং একটি পত্র দেওয়া আছে- “জন্মদিনের নিমন্ত্রণ জানিয়ে বন্ধুকে পত্র” - এটি দেখে দেখে একটি পৃষ্ঠায় লেখো। তারপর পৃষ্ঠাটি তারিখ অনুযায়ী ফাইলে যত্ন করে বেখে দাও। এটি একটি নমুনা পত্র, এরপর তোমাদের শুধুমাত্র টপিক দেওয়া হবে পত্রটি তোমাদের নিজেদের লিখতে হবে।)

পত্র বা চিঠি কাকে বলে :- যোগাযোগের অন্যতম প্রধান মাধ্যম হলো চিঠি বা পত্র। দূরের মানুষের সাথে চিঠিপত্রের মাধ্যমে সহজে ও স্বল্প খরচে মনের ভাব আদান প্রদান করা যায়। চিঠি হল যোগাযোগের একটি পুরানো মাধ্যম। বর্তমান দিনে মোবাইল ফোন, ই-মেল ইত্যাদির প্রাধান্য বৃদ্ধি পেলেও চিঠির গুরুত্ব একেবারে বিনষ্ট হয়ে যায়নি।

পত্র বা চিঠির প্রকারভেদ :- পত্র কে দুই ভাগে ভাগ করা যায় --

১. ব্যক্তিগত পত্র
২. আবেদনপত্র বা দরখাস্ত।

আমরা শুধুমাত্র ব্যক্তিগত পত্র-ই পড়বো।

পত্ৰ লেখাৰ ক্ষেত্ৰে কয়েকটি বিষয় মাথায় ৰাখতে হবে।

১. পত্ৰৰ ভাষা হবে সহজ সরল।

২. হস্তাক্ষৰ হবে সুন্দৰ এবং স্পষ্ট।

৩. পত্ৰৰ মাধ্যমে যে বক্তব্য আমৰা প্ৰকাশ কৰতে চাইছি সেটা হতে হবে সুস্পষ্ট।

৪. ব্যক্তিগত পত্ৰৰ ক্ষেত্ৰে – পত্ৰৰ উপৰে বামদিকে থাকবে পত্ৰ প্ৰেৰকেৰ ঠিকানা, পত্ৰ লেখাৰ তাৰিখ। তাৰ নিচে থাকবে সম্ভাষণ ও যাৰ উদ্দেশ্যে পত্ৰ লিখছি তাৰ নাম।

৬. এৰপৰ চিঠিৰ গুৰুত্ব এবং বিষয়েৰ সঙ্গ্ৰে সঙ্গতি বেখে মূল বক্তব্য লিখতে হবে। এটাই চিঠিৰ সবথেকে গুৰুত্বপূৰ্ণ অংশ।

৭. চিঠিৰ শেষে বামদিকেৰ নিচে থাকবে পত্ৰ প্ৰেৰকেৰ নাম বা সাক্ষৰ।

একটি পত্রের উদাহরণ:-

জন্মদিনের নিমন্ত্রণ জানিয়ে বন্ধুকে পত্র।

৮৭, শিবতলা স্ট্রিট

উত্তরপাড়া, হুগলি

তারিখ:- _____

প্রিয় অমিত,

আনন্দের সঙ্গে জানাচ্ছি, আগামী ৭ জুন, রবিবার আমার জন্মদিন। এই উপলক্ষে আমার বাবা-মা একটি পার্টির আয়োজন করেছেন। এবার খুব ধুমধাম করেই আমার জন্মদিন পালিত হবে। আমাদের সারা বাড়িটা রঙিন বিজলী বাতি দিয়ে সাজানো হবে। অবশ্যই ওই দিন সকালবেলা তুই কাকু ও কাকিমা কে সঙ্গে নিয়ে আমাদের বাড়িতে আসবি। আমার অন্যান্য বন্ধুরাও ওই দিন আসবে। কোন অজুহাত শুনবো না। আমি অধীর আগ্রহে তোর জন্য অপেক্ষা করব।

ইতি

তোর বন্ধু

_____ (নিজের নাম)

